

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(হিসাব শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০২(হি).২০.০০১.২০১৭-২১৩

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১২ মার্চ ২০১৮খ্রিঃ

বিষয়ঃ মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট বাজারসমূহের ইজারালক আয়ের ৪% অর্থ ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০১৬ এর ৭ নং ক্রমিকে বর্ণিত কমিটি সংশোধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালক আয়ের ৪% ব্যয় সংক্রান্ত নীতিমালা ২০১৬ এর ৭ অনুচ্ছেদে বর্ণিত 'অনুদান মঞ্জুর কমিটি' শিরোনামে মহানগরীর থানাসমূহে বিতরণের লক্ষ্যে মহানগরী কমিটি এবং উপজেলাসমূহে বিতরণের লক্ষ্যে উপজেলা কমিটি বাস্তবতার নিরিখে নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

মহানগরীর থানাসমূহে বিতরণের লক্ষ্যে মহানগরী কমিটিঃ

নীতিমালা-২০১৬ এ বর্ণিত কমিটি	সংশোধিত কমিটি
ক) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) - সভাপতি	ক) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) - সভাপতি
খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য	খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
গ) সিটি/পৌর মেয়র/মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য	গ) সিটি/পৌর মেয়র মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
ঘ) মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার/মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য	ঘ) জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা ও মহানগর মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
ঙ) সংশ্লিষ্ট থানার মুক্তিযোদ্ধা কমান্ডার - সদস্য	ঙ) জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা/মহানগর মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট থানার ১জন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
চ) সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য-সচিব	চ) সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য-সচিব

উপজেলাসমূহে বিতরণের লক্ষ্যে উপজেলা কমিটিঃ

নীতিমালা-২০১৬ এ বর্ণিত কমিটি	সংশোধিত কমিটি
ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি	ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি
খ) মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য	খ) মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
গ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার/মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য	গ) জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত ১জন প্রতিনিধি - সদস্য
ঘ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার - সদস্য	ঘ) উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত ১জন মুক্তিযোদ্ধা প্রতিনিধি - সদস্য
ঙ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য সচিব	ঙ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য সচিব

(আবুল হোসেন)

উপসচিব (হিসাব)

ফোনঃ ০২-৯৫৮৮৪৪৩

e-mail: dsaccounts@molwa.gov.bd

বিতরণঃ

১। জেলা প্রশাসক ----- (সকল)

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা ----- (সকল)

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা/সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার ----- (সকল)

৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্ক্রাউট ভবন, কাকরাইল, ঢাকা

৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা

৬। জনাব মোঃ জহুরুল ইসলাম রোহেল, যুগ্মসচিব(উন্নয়ন) ও প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব(যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য

৮। প্রশাসক, জেলা/মহানগর মুক্তিযোদ্ধা সংসদ ----- (সকল)

৯। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য

১০। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়(আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১২। অফিস কপি